কালের কণ্ঠ

31 MAY 2017

# এসএসসিতে ঢাকা বোর্ডে ১৬৭৯ জনের ফল পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক ▷

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণের ফলাফল গতকাল মঙ্গলবার প্রকাশিত হয়েছে। নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডে এক হাজার ৬৭৯ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ২০৫ জন। আর নতুন করে জিপিএ ৫ পেয়েছে ২৭০ জন পরীক্ষার্থী। ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, এসএসসির ফল প্রকাশের পর ঢাকা বোর্ডের ৫৫ হাজার ৩৩০ জন শিক্ষার্থী ফল পুনর্নিরীক্ষণের আবেদন জানায়। এসব শিক্ষার্থীরা মোট এক লাখ ৩১ হাজার ২২টি পত্রের ফল পুনর্নিরীক্ষণ চেয়ে আবেদন জানায়। এদিকে মাদরাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষায় ২৬৭ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ১১৩ জন। আর নতুন করে জিপিএ ৫ পেয়েছে ২৭ জন। এই বোর্ডে ২৩ হাজার ৫০৭ জন শিক্ষার্থী ফল পরিবর্তনের আবেদন করেছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর